গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।
Web: rajshahi.polytech.gov.bd
Email-rajpolytech@gmail.com

স্মারক নং-৫৭.০৩.৮১২২.৩৪৩.১৮.০২৮.২২.১০৫৪ তারিখঃ ২৯/০৯/২০২৬ খ্রি.

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "১৫ টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এর সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ১০ তলা বিশিষ্ট একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন নির্মাণের জন্য নিম্নে উল্লিখিত পুরানো ভবনসমূহ বিধি মোতাবেক প্রকাশ্য নিলাম আগামী ০৬/১০/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এর অডিটরিয়াম ভবনে অনুষ্ঠিত হবে। আগ্রহী ব্যক্তি/ব্যবস্যায়ীগণদের নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ক্রমিক নং	ভবনের বিবরণ	প্রাক্কলিত মূল্য	মন্তব্য
০১	কনডেম ঘোষণাকৃত ৬ নং ভবন (কক্ষ নং-৬১০১-৬১০৪), ৬ নং ভবন সংলগ্ন চিহ্নিত টিনশেড ভবন সমূহ। (যেটা যে অবস্থায় আছে)	৩,৭৯,০০০,০০ (তিন লক্ষ উনআশি হাজার টাকা মাত্র)	

শর্তাবলী ঃ

ক) চিহ্নিত ভবনসমূহ পরিদর্শন পূর্বক নিশ্চিত হয়ে ডাককারীকে সরাসরি উপস্থিত থেকে ডাকে (নিলাম) অংশ গ্রহণ করতে হবে।

খ) ডাককারীকে অবশ্যই ০৬/১০/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে ১০০০০/- (দশ হাজার) টাকা জামানত হিসেবে প্রতিষ্ঠানের ক্যাশিয়ারের নিকট জমা প্রদান করে ডাকে অংশগ্রহণ করতে হবে। সর্ব্বোচ্চ ডাককারী ব্যতীত সকলের জামানতের টাকা ডাক শেষে ফেরত দেওয়া হবে এবং সর্বোচ্চ ডাককারীর জামানত সন্তোষজনকভাবে কার্যসমাপ্তির পর ফেরত প্রদান করা হবে।

গ) সর্বোচ্চ ডাককারীকে ০৭/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকের সমূদয় টাকা এবং এর উপর বিধি মোতাবেক ১০% আয়কর ও ১৫% হারে ভ্যাট নির্ধারিত আর্থিক কোডে জমা দিতে হবে। সর্বোচ্চ ডাককারী নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে ব্যর্থ হলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় ডাককারীকে অগ্রাধিকার দেওয়া হবে এবং প্রথম সর্বোচ্চ ডাককারীর জামানত বাজেয়াপ্ত করা হবে।

ঘ) সর্বোচ্চ ডাককারী কর্তৃক ডাকমূল্য আয়কর ও ভ্যাট চালান জমা প্রদান নিশ্চিত হওয়া স্বাপেক্ষে তাঁকে কার্য্যাদেশ প্রদান করা হবে।

ঙ) কার্য্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিলামকৃত ভবন অপসারণ করতে হবে। অপসারণ কালে প্রতিষ্ঠানের অন্যান্য সম্পত্তির ক্ষতি সাধিত হলে তাঁকে নিজ খরচে মেরামত/সংস্কার করতে হবে।

চ) নির্দিষ্ট সময়ের মধ্যে অপসারণ কাজ সম্পন্ন করতে না পারলে তাঁর জামানত বাজেয়াপ্ত হবে।

ছ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন কার্যক্রম অথবা সকল নিলাম ডাক পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(প্রকৌঃ এ.জে.এম মাসুদুর রহমান)
অধ্যক্ষ
রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।

স্মারক নং-৫৭.০৩.৮১২২.৩৪৩.১৮.০২৮.২২.১০৫৪ (৮) তারিখঃ ২৯/০৯/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, (নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের অনুরোধ সহ);
২। পুলিশ কমিশনার, পুলিশ কমিশনারের কার্যালয়, রাজশাহী, (নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের অনুরোধ সহ);
৩। পরিচালক (প্রশাসন/পিআইডাব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৪। জেলা প্রশাসক, রাজশাহী;
৫। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, বগুড়া;
৬। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট;
৭। ওয়েবসাইট, অত্র ইনস্টিটিউট;
৮। সংরক্ষণ নথি।

(প্রকৌঃ এ.জে.এম মাসুদুর রহমান)
অধ্যক্ষ
রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।
29-09-2026 ফোন-০২৫৮৮৮০৩৩৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।
Web: rajshahi.polytech.gov.bd
Email-rajpolytech@gmail.com

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

পরিচালক (প্রশাসন)	✓	সহকারী পরিচালক	
পরিচালক (ভোকেশনাল)			
পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ)			
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)		অন্যান্য	
পরিচালক (পিআইইউ)		পিএস টু মহাপরিচালক	
প্রকল্প পরিচালক		মহাপরিচালক (অ: দা:)	
ডকেট নং- ২৪৮৬		তারিখঃ- ০৫-১০-২৬	

কারিগরি শিক্ষা অধিদপ্তর
পরিচালক প্রশাসন শাখা

পরিচালক (পিআইডব্লিউ)	পরিচালক (ভোক)
পরিচালক (পিআইইউ)	পরিচালক (পরিঃ ও উন্নঃ)
সহঃপরিঃ/ ২/ ৩/ ৪	ডিডিও
আইন কর্মকর্তা	পি.এ
	পরিচালক (প্রশাসন)
ডকেট নং- 2088	তারিখ- 05/10/26

স্মারক নং-৫৭.০৩.৮১২২.৩৪৩.১৮.০২৮.২২-১০৫৮ তারিখঃ ৩০/০৯/২০২৬খ্রি.

বিষয় ঃ উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি প্রচার প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির নিমিত্তে জানানো যাইতেছে যে, অত্র প্রতিষ্ঠানের উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের স্বার্থে আপনার Website ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(প্রকৌ: এ.জে.এম মাসুদুর রহমান)
অধ্যক্ষ
রাজশাহী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।
ফোন-০২৫৮৮৮০৩৩৪

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর।
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।